

PRINT

# সমকাল

## গণরুম সংকট সমাধানে ১৫ দিনের আলটিমেটাম

১০ ঘণ্টা আগে

### বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) গণরুম সংকট সমাধানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে ১৫ দিনের আলটিমেটাম দিয়েছেন বিভিন্ন হলের গণরুমের শিক্ষার্থীরা। সংকটের সমাধান না করা হলে গণরুমের শিক্ষার্থীরা উপাচার্য ভবনে গিয়ে উঠবেন বলেও হুমকি দেওয়া হয়। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের সামনে গণরুমের সমস্যার সমাধান ও নবীন শিক্ষার্থীদের সর্বোচ্চ সুযোগ-সুবিধা নিশ্চিত করে ভর্তির দাবিতে আয়োজিত মানববন্ধনে এ কথা বলেন শিক্ষার্থীরা।

মানববন্ধনে শিক্ষার্থীদের নেতৃত্ব দেন ডাকসুর সদস্য তানভীর হাসান সৈকত। তিনি বলেন, গণরুম টিকিয়ে রাখার মধ্য দিয়ে ক্ষমতাসীন ছাত্র সংগঠনগুলো ফায়দা লোটে। উপাচার্যের উদ্দেশ্যে তিনি বলেন, ১৫ দিনের মধ্যে এ সমস্যার যৌক্তিক সমাধান না হলে গণরুমবাসী উপাচার্যের বাসায় গিয়ে থাকতে শুরু করবেন। ১৫ দিনের এদিক-ওদিক হবে না। মানববন্ধনে অর্ধশতাধিক শিক্ষার্থী অংশ নেয়।

এদিকে, মানববন্ধনে ১৫ দিনের আলটিমেটামের পূর্ণ সমর্থন জানিয়েছেন ডাকসুর ভিপি নুরুল হক নুর।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

